# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

জয়পুরহাট।

সভা নং- "৪৭"

## পৌর পরিষদের অক্টোবর/২০২৪ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সরকার মোহাম্মদ রায়হান, প্রশাসক, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ | প্রশাসক মহোদয়ের অফিস কক্ষ। |
| তারিখ | ঃ | ০৬/১০/২০২৪ খ্রিঃ |
| রোজ | ঃ | রবিবার। |
| সময় | ঃ | বেলা- ১১.০০ ঘটিকা। |

উপস্থিত অনুপস্থিত সদস্যগণের নাম ঃ-

| ক্রমিক নং | নাম | পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | ডাঃ মুহাঃ রুহুল আমিন | সিভিল সার্জন, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ২। | মোছাঃ রাহেলা পারভীন | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ৩। | মোঃ আল মামুন হক | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ৪। | মোঃ আলাউদ্দিন হোসেন | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ৫। | মোছাঃ উম্মে রোমান খান জনি | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ৬। | মোঃ রুহুল আমিন | জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ৭। | মোঃ আমিনুল ইসলাম মন্ডল | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ৮। | লায়লুন নাজমা বেগম | উপ-পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যদের সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচ্য সূচীঃ - ১। গত সভার কার্যবিবরনী পঠন ও দৃঢ়করন প্রসঙ্গে ।

আলোচনাঃ গত ০৬/০৯/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারন সভার কার্যবিবরনী সভায় পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলো।

সিদ্ধান্তঃ গত ০৬/০৯/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারন সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরুপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করন করা হলো।

আলোচ্য সূচীঃ- ২। মাসিক আয় ও ব্যয় পর্যালোচনা ও অনুমোদন প্রসংঙ্গে।

আলোচনাঃ সেপ্টেম্বর/২০২৪ খ্রিঃ মাসের আয় ও ব্যয় বিবরনী সভায় উপস্থাপন করা হয় এবং বিশ্লেষন করা হলো।

সিদ্ধান্তঃ সেপ্টেম্বর/২০২৪ খ্রিঃ মাসের আয় ও ব্যয় বিবরনীতে ব্যয়ের খাত সমূহের পরিশোধকৃত বিল সমূহ ও আয়ের খাত সঠিক থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

আলোচ্য সুচীঃ ০৩। বাস টার্মিনাল ইজারার প্রাপ্ত দরপত্র বিষয়ে দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর দরপত্র মূল্যায়ন (TEC) কমিটির গত ৩০/০৯/২০২৪ইং তারিখের সভার কার্য বিবরণী দরপত্র মুল্যায়ন কমিটির সদস্য-সচিব জনাব মোঃ মিজানুর রহমান পাঠ করে শুনান। সভার সিদ্ধান্ত এবং বাস টার্মিনাল ইজারা প্রদানের জন্য প্রাপ্ত ০১(এক) টি দরপত্রের তুলনা মূলক বিবরণী দৃষ্টে জানা যায় যে, জয়পুরহাট পৌরসভার নিয়ন্ত্রানাধীন বাস টার্মিনাল (পৌর এলাকা) নভেম্বর/২০২৪ হতে জুন/২০২৫ পর্যন্ত ০৮ (আট) মাস ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে, গত ৩০/০৯/২০২৪ইং তারিখে দরপত্র বাক্স খোলার পর ০১ (এক) টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত ০১ (এক) টি দরপত্রের সর্বোচ্চ দরদাতা, মেসার্স লিটন ট্রেডার্স, প্রোঃ এ, টি, এম আনিছুর রহমান, পিতাঃ মোঃ নিজাম হায়দার, মাতাঃ মোছাঃ তহুরা বেগম, পূর্ব জানিয়ার বাগান, জয়পুরহাট, দেয়দর ৭,২৪,০০০/= (সাত লক্ষ চব্বিশ হাজার) টাকা মাত্র। যাহা ধার্য্যকৃত সরকারী মূল্যের চেয়ে ২৪,০০০/= (চব্বিশ হাজার) টাকা মাত্র বেশী হওয়ায় সর্বোচ্চ দরদাতার দর গ্রহন পূর্বক তাকে নভেম্বর/২০২৪ হতে জুন/২০২৫ পর্যন্ত ০৮ (আট) মাসের জন্য শর্ত সাপেক্ষে বাস টার্মিনাল ইজারা প্রদানের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) সুপারিশ সহ সিদ্ধান্ত গ্রহন করেন।

সিদ্ধান্তঃ জয়পুরহাট পৌরসভার দরপত্র মূল্যায়ন (TEC) কমিটির সুপারিশ মোতাবেক জয়পুরহাট পৌরসভার নিয়ন্ত্রনাধীন বাস টার্মিনাল (পৌর এলাকা) নভেম্বর/২০২৪ হতে জুন/২০২৫ পর্যন্ত ০৮ (আট) মাস শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের জন্য সর্বোচ্চ দরদাতা মেসার্স লিটন ট্রেডার্স, প্রোঃ এ,টি,এম আনিছুর রহমান, পিতাঃ মোঃ নিজাম হায়দার, মাতাঃ মোছাঃ তহুরা বেগম, পূর্ব জানিয়ার বাগান, জয়পুরহাট এর দেয়দর সর্বোচ্চ ৭,২৪,০০০/= (সাত লক্ষ চব্বিশ হাজার) টাকা মাত্র গ্রহন ও অনুমোদন করা হলো, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অত্রাফিসের পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) কে নির্দেশ প্রদান করা হলো।

আলোচ্য সুচী ঃ ৪। বিভিন্ন স্থায়ী কমিটি, শহর সমন্বয় কমিটি (টিএলসিসি) ও ওয়ার্ড কমিটি (ডব্লিউসি) সহ অন্যান্য উপ-কমিটি গঠন/পুনঃগঠন প্রসঙ্গে।

আলোচনাঃ বিভিন্ন স্থায়ী কমিটি, শহর সমন্বয় কমিটি (TLCC) ও ওয়ার্ড কমিটি (WC) সহ অন্যান্য উপ-কমিটি জরুরী ভিত্তিতে গঠন/পুনঃগঠন করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হলো।

সিদ্ধান্তঃ বিভিন্ন স্থায়ী কমিটি, শহর সমন্বয় কমিটি (TLCC) ও ওয়ার্ড কমিটি (WC) সহ অন্যান্য উপ-কমিটি গঠন/পুনঃগঠন করার লক্ষে উপস্থিত সকল সদস্যদেরকে কমিটি তালিকা প্রদান করা হয়, যা সদস্যদের মতামতের ভিত্তিতে কমিটির তালিকা চুড়ান্ত করনের সিদ্ধান্ত গৃহীত হলো। যা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

আলোচ্য সুচী ঃ ৫। বিবিধ

(ক) ডেঙ্গসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ে আলোচনা।

আলোচনাঃ সভাপতি মহোদয় সভায় জানান যে, ডেঙ্গুসহ মশা বাহিত অন্যান্য রোগ নিয়ন্ত্রনে জয়পুরহাট পৌরসভা (লার্ভিসাইড ও এডাল্টিসাইট) ঔষধ এর মাধ্যমে মশার প্রজনন কেন্দ্র চিহ্নিতকরন ও বিনিষ্ট করন এর পাশাপাশি জনসচেতনতা মূলক কার্যক্রম যেমন লিফলেট বিতরন, মাইকিং, সভা সমাবেশ, স্কুলের শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরনসহ প্রভৃতি বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হলো।

সিদ্ধান্তঃ ডেঙ্গুসহ মশা বাহিত অন্যান্য রোগ নিয়ন্ত্রনে চলমান কার্যক্রম সচল রাখা এবং প্রয়োজনবোধে জোরদার করনে সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অত্রাফিসের স্যানেটারী ইন্সপেক্টর ও কঞ্জারভেন্সী ইন্সপেক্টর কে নির্দেশ দেওয়া হলো।

খ) বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্রাফিসের সহকারী প্রকৌশলী (সিভিল) (ভাঃ) সভায় জানান যে, সেপটিকট্যাংক বা পিট থেকে পয়বর্জ্য খালি করে এফএসটিপি এ অপসারন করা হয়। অন্যদিকে বাসাবাড়ি হাট-বাজার, রাস্তা ঘাট কঠিন বর্জ্যগুলি থ্রি ইইলার, ভ্যানগাড়ি, ঠেলাগাড়ির মাধ্যমে নিয়মিত সংগ্রহ করে সেকেন্ডারি ষ্টেশনে জমা করে সেখান থেকে ট্রাকে করে ল্যান্ডফিল্ডে অপসারন করা হয়। কড়ই কাদিপুর স্যানেটারী ল্যান্ডফিল্ডে ময়লা আবর্জনা পচনশীল ও অপচনশীল আলাদা করে ফেলতে হবে। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ০১/১০/২০২৪ইং তারিখ হতে প্রাথমিক ভাবে ৩০০ বাড়ির ময়লা আবর্জনা নতুনহাট সেকেন্ডারী ষ্টেশনে আলাদা করে শুধুমাত্র পচনশীল ময়লাটুকু কড়ইকাদিপুর স্যানেটারী ল্যান্ডফিল্ডে ফেলা হয়। প্রকাশ থাকে যে, ময়লা আবর্জনা পৃথকীকরনের কাজটি অত্যান্ত ব্যয়বহুল, একারনে বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমটি বে-সরকারি সংস্থা/এনজিও কে প্রদান করলে পৌরসভা আর্থিকভাবে লাভবান হবে এবং সেবার মান উন্নত হবে। উল্লেখ্য যে, বর্জ্য ব্যবস্থাপনা পরিচালনার বেসরকারী অংশীদারিত্বের ধারনাপত্র সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যদেরকে প্রদান করা হয়।

সিদ্ধান্তঃ আদর্শ বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য বেসরকারী অংশীদারিত্বের মাধ্যমে বর্জ্য ব্যবস্থাপনা পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অত্রাফিসের পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) ও সহকারী প্রকৌশলী (সিভিল) (ভারঃ) কে দায়িত্ব প্রদান করা হলো।

গ) প্রশাসক, জয়পুরহাট পৌরসভাকে কর্ম সম্পাদনে সহায়তা প্রদানের জন্য গঠিত কমিটির সদস্যদের ওয়ার্ড ভিত্তিক দায়িত্ব বন্টন করন প্রসঙ্গে।

আলোচনাঃ সভাপতি মহোদয় আলোচ্য বিষয়ে জানান স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০২.২৪-১০৮৩ তারিখ ২৬/০৯/২০২৪ খ্রিঃ মূলে জারীকৃত প্রজ্ঞাপনের আদেশে পৌরসভার সকল কাউন্সিলরকে অপসারন করা হয়। পৌরসভার চলমান সেবা সচল রাখার সুবিধার্থে এবং সেবা গ্রহীতাদের সেবা সহজী করনের জন্য নিম্নোক্তভাবে সভাপতি মহোদয় ওয়ার্ড ভিত্তিক দায়িত্ব পালনের প্রস্তাব পেশ করেন।

| ক্রঃ নং | নাম | পদবী | ওয়ার্ড ভিত্তিক দায়িত্ব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১। | ডাঃ মুহাঃ রুহুল আমিন | সিভিল সার্জন, জয়পুরহাট। | ০৫ | |
| ০২। | মোছাঃ রাহেলা পারভীন | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, জয়পুরহাট। | ০৬ | |
| ০৩। | মোঃ আল মামুন হক | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, জয়পুরহাট। | ০৩ | |
| ০৪। | মোঃ আলাউদ্দিন হোসেন | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট। | ০৪ | |
| ০৫। | মোছাঃ উম্মে রোমান খান জনি | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট। | ০২ | |
| ০৬। | মোঃ রুহুল আমিন | জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট। | ০৮, ০৯ | |
| ০৭। | মোঃ আমিনুল ইসলাম মন্ডল | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট। | ০৭ | |
| ০৮। | লায়লুন নাজমা বেগম | উপ-পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট। | ০১ | |

সিদ্ধান্তঃ উল্লেখিত ওয়ার্ড ভিত্তিক দায়িত্ব পালনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ঘ) দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের বেতন বৈষম্য দূরীকরনে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ সভাপতি সভায় জয়পুরহাট পৌরসভার দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের বিষয়ে বলেন যে, বর্তমান জয়পুরহাট পৌরসভায় দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারী সংখ্যা ১৪২ জন আছে, তাদের মধ্যে বেতনের বৈষম্যও আছে। যাহা সমাধান করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হলো।

সিদ্ধান্তঃ জয়পুরহাট পৌরসভার দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের বেতন বৈষম্য দূরীকরনের জন্য নিম্নোক্ত ভাবে সাব-কমিটি গঠন করা হলো এবং সরকারী নীতিমালা অনুযায়ী জয়পুরহাট পৌরসভার দক্ষ দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীর দিন হাজিরা ৬৫০/= (ছয় শত পঞ্চাশ) টাকা এবং অদক্ষ দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীর দিন হাজিরা ৫৫০/= (পাঁচ শত পঞ্চাশ) টাকা নির্ধারন করার প্রস্তাব উত্থাপিত হয়। এই প্রস্তাব যাচাই-বাছাই করার জন্য নিম্নলিখিত কমিটিকে অতি দ্রুত প্রতিবেদন দেওয়ার জন্য বলা হলো।

সাব-কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১। | আহ্বায়ক | জনাব মোঃ জুলফিকার আলী, হিসাব রক্ষন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। |
| ২। | সদস্য | জনাব মোঃ হাসানুজ্জামান, পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ), জয়পুরহাট পৌরসভা। |
| ৩। | সদস্য | জনাব মোঃ অব্দুল হাশেম, প্রশাসনিক কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। |
| ৪। | সদস্য | জনাব মোঃ মাহমুদুল ইসলাম, হিসাব সহকারী, জয়পুরহাট পৌরসভা। |
| ৫। | সদস্য | জনাব মোঃ আব্দুল করিম, লাইসেন্স পরিদর্শক, জয়পুরহাট পৌরসভা। |

০৬/১০/২০২৪ইং তারিখের সভায় গঠিত সাব-কমিটি সভাপতির মৌখিক নির্দেশে অদ্য ০৬/১০/২০২৪ইং তারিখে সভা করেন। তৎপ্রেক্ষিতে ০৬/১০/২০২৪ইং তারিখে গঠিত সাব কমিটি প্রতিবেদনে দক্ষ কর্মচারীদের ক্ষেত্রে ৫৫০/- এবং অদক্ষ কর্মচারীদের ক্ষেত্রে ৪৫০/- টাকা প্রস্তাব করেন।

সিদ্ধান্তঃ সাব-কমিটির প্রস্তাব অনুযায়ী, দক্ষ কর্মচারীদের ক্ষেত্রে ৫৫০/- এবং অদক্ষ কর্মচারীদের ক্ষেত্রে ৪৫০/- টাকা দৈনিক মজুরী নির্ধারন করা সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। বকেয়া প্রদান করার ক্ষেত্রেও এই মজুরী হার অনুসরন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

ঙ) ব্যাটারী চালিত রিক্সা/ভ্যান ও অটোরিক্সার লাইসেন্স প্রদান ও অটোরিক্সার লাইসেন্স ফি কমানো প্রসঙ্গে।

আলোচনাঃ সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে লাইসেন্স পরিদর্শক সভায় জানান যে, শহরে চলাচলকারী ব্যাটারী চালিত রিক্সা/ভ্যান ও অটোরিক্সার লাইসেন্স প্রদানের সরকারী অনুমতি নাই। এ সমস্ত যানবাহনগুলি শহরে সব সময় যাত্রী বহন করে। রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে বিগত সময়ে পৌর পরিষদে সিদ্ধান্তের আলোকে ব্যাটারী চালিত যানবাহনগুলির লাইসেন্স নতুন ফি - ১০০০/-, নবায়ন ফি ৫০০/-, টাউন সার্ভিস অটোরিক্সা (লাল, সবুজ টিন টোকেন) নতুন ফি ২,৩০০/-, নবায়ন ফি ২,০০০/-, টাউন সার্ভিসের বাহিরে চলাচলকারী অটোরিক্সার (হলুদ টিন টোকেন) নতুন ফি-১,৭০০/-, নবায়ন ফি ১,৫০০/-, ব্যাটারী চালিত রিক্সা/ভ্যান চালক লাইসেন্স ফি ১০০/- ও অটোরিক্সার চালক লাইসেন্স ফি ২০০/- নির্ধারন করা ছিল। জয়পুরহাট জেলা অটোরিক্সা শ্রমিক ইউনিয়নের সভাপতি ও ভারপ্রাপ্ত সাধারন সম্পাদকের আবেদনের প্রেক্ষিতে অটোরিক্সার লাইসেন্স ফি ২০০/- টাকা কমিয়ে টাউন সার্ভিস অটোরিক্সার (লাল, সবুজ টিন টোকেন) পূর্বে নির্ধারিত নতুন ফি ২,৩০০/- টাকার স্থলে ২,১০০/-, নবায়ন ২,০০০/- টাকার স্থলে ১,৮০০/-টাকা, টাউন সার্ভিসের বাহিরে চলাচলকারী অটোরিক্সার (হলুদ টিন টোকেন) পূর্বের নির্ধারিত নতুন ফি ১,৭০০/- টাকার স্থলে ১,৫০০/- ও নবায়ন ফি ১,৫০০/- টাকার স্থলে ১,৩০০/- টাকা করার ও রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে ২০২৪-২০২৫ অর্থ বছরে ব্যাটারী চালিত রিক্সা/ভ্যান ও অটো রিক্সার লাইসেন্স প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলো।

**সিদ্ধান্তঃ** ব্যাটারী চালিত রিক্সা/ভ্যান ও অটোরিক্সার লাইসেন্স প্রদান ও ব্যাটারী চালিত রিক্সা/ভ্যানের লাইসেন্স নতুন ফি ১,০০০/-, নবায়ন ফি-৫০০/-, টাউন সার্ভিসের অটো রিক্সার (লাল, সবুজ টিন টোকেন) লাইসেন্স নতুন ফি ২,১০০/- ও নবায়ন ফি ১,৮০০/- এবং টাউন সার্ভিস এর বাহিরে চলাচলকারী অটো রিক্সার (হলুদ টিন টোকেন) লাইসেন্স ফি নতুন ১,৫০০/- ও নবায়ন ফি ১,৩০০/- টাকা, ব্যাটারী চালিত রিক্সা/ভ্যান চালক লাইসেন্স ফি ১০০/- ও , অটোরিক্সার চালক লাইসেন্স ফি ২০০/- পুনঃনির্ধারন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনায় ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করে।

০৬/১০/২০২৪

(সরকার মোহাম্মদ রায়হান)
সভাপতি

স্মারক নং জঃপৌঃসঃ/সাধা/১(৭)২/২০২৪/ ৮২(২৪) তারিখঃ ০৬/১০/২০২৪ খ্রিঃ

**অনুলিপি, সদয় জ্ঞাতার্থে প্রেরীত হলোঃ**

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
৩। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, লেভেল-১২, ঢাকা-১২০৭।
৪-১১। স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০২.২৪-১০৮৩ তারিখঃ ২৬/০৯/২০২৪ইং মূলে জেলা সদর (জয়পুরহাট পৌরসভার) পৌরসভার প্রশাসক কে কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্য গঠিত কমিটির সম্মানিত সকল সদস্য।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
১৩। সহকারী প্রকৌশলী (সিভিল) (পানি) (ভারঃ), জয়পুরহাট পৌরসভা।
১৪। প্রাশাসনিক কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
১৫-২৩। শাখা প্রধান (সকল), জয়পুরহাট পৌরসভা।
২৪। দপ্তর নথি।

০৬/১০/২০২৪

(মোঃ হাসানুজ্জামান)
পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)
জয়পুরহাট পৌরসভা।